FEB. 17 2001

দৈনিক সংবাদ

ঢাকা মেডিক্যাল কলেজ

# আজ থেকে বিকল্প কক্ষে ক্লাস শুরু হতে পারে

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আজ শনিবার ঢাকা মেডিক্যাল কলেজে বিকল্প রুমে ক্লাস নেয়া হতে পারে। বোমাতঙ্কের কারণে গত ৩০শে জানুয়ারি কলেজের ক্লাস ও পরীক্ষা স্থগিত করা হয়েছিল। ওই সময় কলেজ কর্তৃপক্ষ বোমাতঙ্কের ভয়ে কলেজের ২টি লেকচার গ্যালারি ও ডিসেকশন হল রুম তাৎক্ষণিক বন্ধ করে দেন। ওই রুমগুলো সেনাবাহিনীর বিস্ফোরক বিশেষজ্ঞদের তল্লাশি ও সিদ্ধান্ত ছাড়া খোলা হবে না বলে শিক্ষকরা জানান। গত ১৭ দিনেও রুম-গুলো তল্লাশি না করায় কলেজের ছাত্রছাত্রী-দের লেখাপড়ার মারাত্মক ব্যাঘাত সৃষ্টি হয়। কলেজ কর্তৃপক্ষ ঘটনাটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে জানানোর পরও তারা কোন পদক্ষেপ নেয়নি।